# 42nd BCS Preliminary Question

**Question 1: What is the correct indirect form of: He said, “You had better see a doctor”**

A. He proposed to see a doctor.
B. He advised that he should see a doctor.
C. He suggested that he seen a doctor.
D. He advised him to see a doctor.

**Answer:** He advised him to see a doctor.

**Explanation:** প্রশ্নোক্ত direct speech টির subject second person হওয়ায় এবং ‘had better’ থাকায় indirect speech এর গঠন হবে- Subject + advise/advised + object + infinitive + বাকি অংশ।

**Question 2: Identify the word that remains the same in plural form.**

A. tiger
B. horse
C. elephant
D. deer

**Answer:** deer

**Explanation:** কতগুলো শব্দ আছে যাদের singular এবং plural form একই রকম থাকে।

**Question 3: Which word is correct?**

A. Furnitures
B. Informations
C. Sceneries
D. Proceeds

**Answer:** Proceeds

**Explanation:** Non-count Noun plural হয় না। তাই furniture, information, luggage, machinery, scenery ইত্যাদি noun plural হতে পারে না।

**Question 4: To doctor an animal means-**

A. To treat it

Medha

B. To cure it
C. To poison it
D. To sterilize it

**Answer:** To sterilize it

**Explanation:** বাংলা একাডেমি এর Accessible Dictionary অনুসারে, Doctor verb হিসেবে ব্যবহৃত হলে এর অর্থ হতে পারে - (১) (কথ্য) চিকিৎসা করা; বিড়াল বা ছাগল ইত্যাদিকে খাসি করা: to doctor a tomcat. (২) ভেজাল মেশানো। (৩) (লাক্ষণিক) হিসাবপত্র জাল করা।

**Question 5: The word "flying" in the sentence "Look at the flying bird" is-**

A. gerund
B. gerundial infinitive
C. verbal noun
D. participle

**Answer:** participle

**Explanation:** Verb এর সাথে ing যোগ হয়ে যদি adjective এর কাজ করে অর্থাৎ Verb ও adjective এর কাজ করে, তাহলে তাকে present participle বলে। সংক্ষেপে: present participle = Verb+ing = adjective = Verb-adjective.

**Question 6: Identify the determiner in the sentence "Bring me that book"**

A. bring
B. me
C. book
D. that

**Answer:** that

**Explanation:** Determiner এর প্রধান কাজ Noun/Pronoun-কে Determine করা। Noun/Pronoun এর নির্দিষ্টতা-অনির্দিষ্টতা বুঝাতে এটি ব্যবহার হয়। প্রশ্নে That হল একটি demonstrative determiner। এটি noun book-কে নির্দেশ করছে।

**Question 7: "A Passage to India" is written by-**

A. Walt Whitman
B. Nirad C Chauhuri
C. Rudyard Kipling

Medha

D. E M Forster

**Answer:** E M Forster

**Explanation:** • 'A Passage to India' is a famous novel which was written by Edward Morgan Forster. • The important character of this novel: - Dr. Aziz (Protagonist), - Mrs. Moore - Adela Quested, - Rony Hislop, - Cyril Fielding, - Stella Moore.

**Question 8: What is the meaning of “musk”?**

A. a form of drama
B. face cover
C. a disguise
D. a substance used in making perfume

**Answer:** a substance used in making perfume

**Explanation:** Musk - a strong-smelling reddish-brown substance which is secreted by the male musk deer for scent-marking and is an important ingredient in perfumery.

**Question 9: Go and catch the falling star. Here the “falling” is-**

A. An adverb
B. A preposition
C. A verb
D. An adjective

**Answer:** An adjective

**Explanation:** সাধারণত determiner / article / preposition / possessive এদের পর একটি word থাকলে সেটি Noun। আর দুটি word থাকলে শেষেরটি Noun এবং পূর্বেরটি Adjective হয়। এখানে, the এর পরে দুটো শব্দ আছে যেখানে falling একটি adjective.

**Question 10: Hasan has read most of the ____ of Shakespeare.**

A. poem
B. play
C. drama
D. works

**Answer:** works

**Explanation:** Cambridge Dictionary-তে দেওয়া Most এর দুটো উদাহরণের দিকে লক্ষ করি - Most of the information was useful. He'd made most of the desserts himself.

**Question 11: Who wrote Dr. Zivago?**

A. Maxim Gorky
B. Leo Tolstoy
C. Fyodor Dostoevsky
D. Boris Pastornak

**Answer:** Boris Pastornak

**Explanation:** Doctor Zhivago, novel by Boris Pasternak, published in Italy in 1957. - This epic tale about the effects of the Russian Revolution of 1917 and its aftermath on a bourgeois family was not published in the Soviet Union until 1987.

**Question 12: Fill in the gap with the correct form of the verb: The police _____ informed yesterday.**

A. is
B. are
C. was
D. were

**Answer:** were

**Explanation:** • Police (noun) (সমষ্টিগত 'noun' সবসময় 'singular' রূপ, 'plural verb' সহ ব্যবহৃত হয়) (the) police আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত সরকারি বাহিনী; পুলিশ। Source: Bangla Academy Dictionary. • The word 'police' is uncountable - it has no plural form, but has a plural sense and takes a plural verb. Source: Cliffs Toefl.

**Question 13: Complete the sentence. If I were you, I ____ take the money.**

A. shall
B. will
C. may
D. would

**Answer:** would

Medha

**Explanation:** Second Conditional: • If + were + extension, would/could/might + Verb- এর present form. যেমনঃ - If I knew the answer, I would tell you. - If I were you, I would pat your jacket on. - If I were you, I would take the money. - If I were a bird, I would fly to you.

**Question 14: Would you please find out Bangladesh _____ the map?**

A. in
B. at
C. over
D. on

**Answer:** on

**Explanation:** on a map - I'm just trying to find Vancouver on the map. - Would you please find out Bangladesh on the map? Source: Longman Dictionary

**Question 15: Liza had given me two____**

A. pair of jean
B. pairs of jean
C. pair of jeans
D. pairs of jeans

**Answer:** pairs of jeans

**Explanation:** Pair এর plural form pair এবং pairs দুটিই। Examples - - a pair of gloves/shoes - a pair of pants/scissors - Each package contains three pairs of socks.

**Question 16: "Giving someone the cold shoulder" means-**

A. To torture somebody
B. To harm somebody
C. To appreciate somebody
D. To ignore somebody

**Answer:** To ignore somebody

**Explanation:** Cold shoulder English Meaning: a show of intentional unfriendliness / an unfriendly attitude shown. Bangla Meaning: অবন্ধুসুলভ আচরণ Ex. Sentence: He showed a cold shoulder when danger came. Bangla Meaning: সে বিপদের সময় মুখ ফিরিয়ে নিলো।

Medha

**Question 17: “September on the Jessore Road” is written by-**

A. Madhusudan Dutt
B. Vikram Seth
C. Kaisar Hoq
D. Allen Ginsberg

**Answer:** Allen Ginsberg

**Explanation:** Allen Ginsberg, American poet whose epic poem Howl (1956) is considered to be one of the most significant products of the Beat movement.

**Question 18: Identify the correctly spelled one.**

A. Scissorian
B. Ceasarian
C. Ciserian
D. Caesarian

**Answer:** Caesarian

**Explanation:** Caesarean - an operation in which a woman's uterus is cut open to allow a baby to be born. less commonly caesarian So, the correct spelling here: ক) Caesarian. Source: Merriam-Webster Dictionary.

Medha

**Question 19: What is the function of a topic sentence?**

A. To introduce the topic
B. To analyse the topic
C. To expand the idea
D. To present the main idea

**Answer:** To present the main idea

**Explanation:** একটি Paragraph-এ কয়েক ধরণের Sentence থাকে। সেই Sentenceগুলোর নির্দিষ্ট কিছু Function থাকে। - Topic Sentence introduces the main idea. - Supporting Sentences develop the key point. - Concluding Sentence marks the end of paragraph. It also summarizes the key point.

**Question 20: For God’s sake, hold your tongue and let me love” occurs in a novel by-**

A. Jane Austin
B. Syed Waliullah
C. Somerset Maugham
D. Rabindranath Tagore

**Answer:** Rabindranath Tagore

**Explanation:** দোহাই তোদের, একটুকু চুপ কর্। ভালোবাসিবারে দে আমারে অবসর।” রবীন্দ্রনাথ ঠাকুরের শেষের কবিতা উপন্যাসে, অমিত লাবণ্যকে উক্ত লাইন দুটি শুনায়। এ লাইন রবীন্দ্রনাথ ঠাকুর নিয়েছেন John Donne এর The Canonization কবিতার এই লাইন থেকে - For God's sake hold your tongue, and let me love.

**Question 21:** অধিত্যকা এর বিপরীতার্থক শব্দ কোনটি**?**

A. সমতল
B. ধিত্যকা
C. পার্বত্য
D. উপত্যকা

**Answer:** উপত্যকা

**Explanation:** অধিত্যকা (বিশেষ্য) - পর্বতের সমতল উপরিভাগ বা সানুদেশ। উপত্যকা (বিশেষ্য) - দুই পর্বতের মধ্যবর্তী সমতল বা নিম্নভূমি। ‘অধিত্যকা’ শব্দের বিপরীতার্থক শব্দ ‘উপত্যকা’ উৎসঃ বাংলা একাডেমী অভিধান এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 22:** কৃষ্টি শব্দের সঠিক প্রকৃতি**-**প্রত্যয়**-**

A. কৃষ্ + ইষ্টি
B. কৃষ্ + টি
C. কৃ + ইষ্টি
D. কৃষ্ + তি

**Answer:** কৃষ্ + তি

**Explanation:** • কৃষ্টি (বিশেষ্য) ১ হালচাষ; কর্ষণ; কৃষিকার্য। ২ সংস্কৃতি। {(তৎসম বা সংস্কৃত শব্দ) √কৃষ্+ত(ক্তি)} উৎসঃ বাংলা একাডেমি অভিধান • কৃষ্টি এর সঠিক সন্ধি বিচ্ছেদ কৃষ্ + তি। - ষ-এর পরে ত্ বা থ্ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ এর স্থানে ট ও ঠ হয়। - এরূপ - বৃষ্টি - বৃষ্ + তি, ষষ্ঠ - ষষ্ + থ। উৎসঃ ৯ম-১০ম শ্রেণীর ব্যাকরণ বোর্ড বই।

**Question 23:** **‘Notification’ -**এর বাংলা পরিভাষা কোনটি**?**

A. বিজ্ঞাপন
B. বিজ্ঞপ্তি

Medha

C. বিজ্ঞপ্তি ফলক
D. প্রজ্ঞাপন  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** প্রজ্ঞাপন  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** Notification (noun): [uncountable noun] বিজ্ঞপ্তি প্রদান; প্রজ্ঞাপন; [countable noun] বিজ্ঞপ্তি; (জন্ম, মৃত্যু, সংক্রামক রোগের প্রাদুর্ভাব ইত্যাদি সম্বন্ধে কর্তৃপক্ষের কাছে) অধিসূচনা। সুতরাং, বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন - দুটোই সঠিক উত্তর। উৎসঃ বাংলা একাডেমী অভিধান

**Question 24:** ঐহিক এর বিপরীত শব্দ কোনটি**?**

A. ঈদৃশ
B. আকস্মিক
C. মাঙ্গলিক
D. পারত্রিক

**Answer:** পারত্রিক

**Explanation:** ঐহিক (বিশেষণ) - ইহলোকের; এই জন্মের। পারত্রিক (বিশেষণ) - পারলৌকিক; পরলোক সম্বন্ধীয়; আখেরাতের। ঐহিকের বিপরীত শব্দ পারত্রিক

**Question 25:** কোনটি শুদ্ধ নয়**?**

A. স্বতঃস্ফূর্ত
B. শূদ্র
C. সহযোগিতা
D. যন্ত্রনা

**Answer:** যন্ত্রনা

**Explanation:** যন্ত্রনা শব্দটি অশুদ্ধ। এর শুদ্ধরূপ হবে - যন্ত্রণা। বাকি শব্দগুলো শুদ্ধ

**Question 26:** সঠিক বানান নয় কোনটি**?**

A. ধরণি
B. মূর্ছা
C. গুণ
D. প্রানী

**Answer:** প্রানী

Medha

**Explanation:** প্রানী বানানটি অশুদ্ধ। এর শুদ্ধরূপ - প্রাণী। গুণ, ধরণী/ধরণি, মূর্চ্ছা এই বানানগুলো শুদ্ধ। উৎসঃ বাংলা একাডেমী অভিধান

**Question 27:** বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?

A. বাংলা
B. সংস্কৃত
C. হিন্দি
D. অস্ট্রিক

**Answer:** অস্ট্রিক

**Explanation:** জাতিতাত্ত্বিক নৃবিজ্ঞানীদের মতে পৃথিবীর চারটি প্রধান নরগোষ্ঠীর প্রতিটির কোনো না কোনো শাখার আগমন ঘটেছে বাংলায়। নরগোষ্ঠীগুলি হলো নিগ্রীয়, মঙ্গোলীয়, ককেশীয় ও অষ্ট্রেলীয়। - মনে করা হয় যে, বাংলার প্রাচীন জনগুলির মধ্যে অষ্ট্রিক ভাষীরাই সবচেয়ে বেশি। [সূত্র: বাংলাপিডিয়া]

**Question 28:** কোন সাহিত্যকর্মে সান্ধ্যভাষার প্রয়োগ আছে?

A. পদাবলী
B. গীতগোবিন্দ
C. চৈতন্যজীবনী
D. চর্যাপদ

**Answer:** চর্যাপদ

**Explanation:** - চর্যাপদের ভাষাকে বলা হয় 'সন্ধ্যা' বা 'সান্ধ্য ভাষা'। এ ভাষা কোথাও স্পষ্ট, কোথাও অস্পষ্ট। তাই একে 'আলো-আঁধারী' ভাষাও বলা হয়। চর্যাপদের পদগুলো প্রাচীন কোন ছন্দে রচিত তা আজ বলা সম্ভপর নয়। তবে আধুনিক ছন্দের বিচারে এগুলো মাত্রাবৃত্ত ছন্দের অধীনে বিবেচ্য। উৎসঃ লাইভ এমসিকিউ লেকচার এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর

**Question 29:** সবুজপত্র পত্রিকাটির সম্পাদক কে?

A. রবীন্দ্রনাথ ঠাকুর
B. শেখ ফজলুল করিম
C. মোহাম্মদ নাসির উদ্দিন
D. প্রমথ চৌধুরী

**Answer:** প্রমথ চৌধুরী

**Explanation:** • বাংলা সাহিত্যে চলিত ভাষার প্রবর্তক ও বিদ্রূপাত্মক প্রাবন্ধিক হিসেবে পরিচিত প্রমথ চৌধুরী। • তিনি 'বীরবল' ছদ্মনাম ব্যবহার করে অনেক রচনা প্রকাশ করেন। • তাঁকে বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক বলা হয়। •

Medha

'বীরবলের হালখাতা' তাঁর রচিত প্রথম চলিত রীতির গদ্য রচনা। • তিনি মাসিক সবুজপত্র (১৯১৪) পত্রিকা সম্পাদনা করতেন। • তাঁর রচিত প্রবন্ধগ্রন্থঃ - তেল নুন লকড়ি, - বীরবলের হালখাতা, - নানা কথা, - আমাদের শিক্ষা, - রায়তের কথা, - নানাচর্চা, - প্রবন্ধ সংগ্রহ। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 30:** মুক্তিযুদ্ধভিত্তিক নভেল কোনটি?

A. ক্রীতদাসের হাসি
B. প্রদোষে প্রাকৃতজন
C. কান্নাপর্ব
D. জীবন ও রাজনৈতিক বাস্তবতা

**Answer:** জীবন ও রাজনৈতিক বাস্তবতা

**Explanation:** - জীবন ও রাজনৈতিক বাস্তবতা উপন্যাসের রচয়িতা শহীদুল জহির। - এটি একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। দর্শনের প্রয়োগ এবং কর্মের নতুনত্বের সাথে টানাগদ্যে রচিত ভিন্নমাত্রার মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসটিকে অনেকে প্রবন্ধ ভেবে ভুল করেন। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা - ড. সৌমিত্র শেখর

**Question 31:** 'বাবা' কোন ভাষার অন্তর্গত শব্দ?

A. তৎসম
B. তদ্ভব
C. ফারসী
D. তুর্কি

**Answer:** তুর্কি

**Explanation:** • বাবা শব্দটি তুর্কি। • তুর্কি ভাষার আরো কয়েকটি শব্দ হলোঃ - উজবুক, - কোর্মা, - খাতুন, - বিবি, - চাকর, - চাকু, - তোপ, - দারোগা, - বাবুর্চি, - লাশ, - মুচলেখা, - কুলি, - খোকা ইত্যাদি। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখ এবং বাংলা একাডেমি অভিধান

**Question 32:** 'অনুকম্পা' শব্দের ইংরেজি কোনটি?

A. Fathom
B. Enthral
C. Erudition
D. Clemency

**Answer:** Clemency

**Explanation:** Clemency - mercy; lenience. - Similar: mercifulness indulgence forbearance compassion humanity sympathy - Bangla: সহানুভূতি ক্ষমাশীলতা অনুকম্পা

Media

**Question 33:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী প্রথম প্রকাশিত হয় কত সালে?

A. ২০১০
B. ২০১১
C. ২০১৫
D. ২০১২

**Answer:** ২০১২

**Explanation:** 'অসমাপ্ত আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত তার প্রথম আত্মজীবনীমূলক বই। - ২০১২ সালের জুন মাসে বইটি প্রথম প্রকাশিত হয়। এটির ভূমিকা লিখেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইংরেজি অনুবাদ করেছেন ড. ফকরুল আলম। প্রকাশক ইউনিভার্সিটি প্রেস লিমিটেড। বর্তমান পর্যন্ত বইটি ১৪টি ভাষায় অনূদিত হয়েছে। বঙ্গবন্ধু রচিত অপর দুটি বই হলো: - 'কারাগারের রোজনামচা' (২০১৭) - 'আমার দেখা নয়াচীন' (২০২০)। (সূত্রঃ অসমাপ্ত আত্মজীবনী এবং দৈনিক ইত্তেফাক)

**Question 34:** 'কিত্তনখোলা' নাটকটির বিষয়-

A. যন্ত্রণাদগ্ধ শহরজীবন
B. স্নিগ্ধ-শ্যামল প্রকৃতির রূপ
C. দেশবিভাগজনিত জীবন যন্ত্রণা
D. লোকায়ত জীবন-সংস্কৃতি

**Answer:** লোকায়ত জীবন-সংস্কৃতি

**Explanation:** সেলিম আল দীন নাট্য সাহিত্যে নিয়ে এলেন ভিন্ন ও নিজস্ব এক ধারা। বাংলার জনপদের প্রান্তিক জনমানসে মিশে থাকা জীবনাচরণ ছিল তাঁর সাহিত্যকর্মের প্রধান অনুষঙ্গ। তিনি তাঁর সাহিত্যকর্মে লোকজ ভাবধারাকে অক্ষত রাখতে পরম শান্তির আশ্রয় লাভ করেছেন মধ্যযুগের আখ্যানসমূহের ছায়াতলে। সেলিম আল দীন নাট্য সাহিত্যে নিয়ে এলেন ভিন্ন ও নিজস্ব এক ধারা। বাংলার জনপদের প্রান্তিক জনমানসে মিশে থাকা জীবনাচরণ ছিল তাঁর সাহিত্যকর্মের প্রধান অনুষঙ্গ। তিনি তাঁর সাহিত্যকর্মে লোকজ ভাবধারাকে অক্ষত রাখতে পরম শান্তির আশ্রয় লাভ করেছেন মধ্যযুগের আখ্যানসমূহের ছায়াতলে। তার জীবনঘনিষ্ঠ নাট্যকর্ম তাঁর 'কিত্তনখোলা'। 'কিত্তনখোলা' রচনার মধ্য দিয়ে সেলিম আল দীন বাংলা-নাট্যশিল্পকে নতুন রূপ দান করেন। মূলত, এ নাটকের মাধ্যমেই পাশ্চাত্য নাট্যরীতি পরিহারপূর্বক প্রাচীয় রীতির প্রবর্তন শুরু হয়। 'কিত্তনখোলা' হয়ে ওঠেছে বাঙালির প্রান্তিক জনমানুষের প্রথাগত জীবনে স্থিত সাংস্কৃতিক আচার-আচরণের ইতিবৃত্ত। লেখকের ভাষায় - কিত্তনখোলা পর্বে আমি মানিকগঞ্জের লোকায়ত জীবন-সংস্কৃতি এবং এর অপূর্ব নিসর্গের সাথে পরিচিত হই। উৎসঃ গ্রাম থিয়েটার পত্রিকা, সেলিম আল দীন রচনা সমগ্র

**Question 35:** মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি?

A. জায়া ও পতি = দম্পতি
B. মহান যে পুরুষ = মহাপুরুষ
C. কুসুমের মতো কোমল = কুসুমকোমল

D. সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

**Answer:** সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

**Explanation:** সিংহ চিহ্নিত আসন = সিংহাসন (মধ্যপদলোপী কর্মধারয়)। কুসুমের মতো কোমল = কুসুমকোমল (উপমান কর্মধারয়)। মহান যে পুরুষ = মহাপুরুষ (সাধারণ কর্মধারয়)। জায়া ও পতি = দম্পতি (দ্বন্দ্ব সমাস)। উৎসঃ বাংলা ব্যাকরণ, ৯ম-১০ম শ্রেণি এবং ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ

**Question 36:** বাক্যের দুটি অংশ থাকে

A. প্রসাদগুণ, মাধুর্যগুণ
B. উপমা, অলংকার
C. সাধু, চলিত
D. উদ্দেশ্য, বিধেয়

**Answer:** উদ্দেশ্য, বিধেয়

**Explanation:** - বাক্যকে উদ্দেশ্য ও বিধেয় এই দুই অংশে ভাগ করা যায়। - বাক্যে যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয় তাকে উদ্দেশ্য বলে। - বিধেয় অংশে সাধারণত ক্রিয়া থাকে। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি।

**Question 37:** মহাকবি আলাওল রচিত কাব্য-

A. চন্দ্রবতী
B. লাইলী মজনু
C. মধুমালতী
D. পদ্মাবতী

**Answer:** পদ্মাবতী

**Explanation:** মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি ছিলেন আলাওল। আরাকান রাজসভার তথা সপ্তদশ শতকের শ্রেষ্ঠ কবি আলাওল। • কবি আলাওলের সাহিত্যকর্ম গুলো হলোঃ - পদ্মাবতী, - সপ্ত পয়কর, - সিকান্দারনামা, - তোহফা, - সয়ফুলমুলুক বদিউজ্জামান ইত্যাদি। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 38:** উদ্বাসন শব্দের অর্থ কী?

A. বিকাশ
B. বাসভূমির সম্মুখস্থ ভূমি
C. অজ্ঞাত বিষয় প্রকাশ করা
D. বাসভূমি থেকে বিতাড়িত হওয়া

**Answer:** বাসভূমি থেকে বিতাড়িত হওয়া

**Explanation:** উদ্বাসন (বিশেষ্য) ১ বাস্তত্যাগ; স্বদেশ বা বাসভূমি থেকে বিতাড়িত হওয়া। ২ বিসর্জন; ত্যাগ। {(তৎসম বা সংস্কৃত)উৎ+√বস্+ণিচ্+অন(ল্যুট্)} উৎসঃ বাংলা একাডেমী অভিধান

**Question 39:** **"যিনি ন্যায়শাস্ত্র জানেন" এর এককথায় প্রকাশিত রূপ হলো-**

A. ন্যায়বাগীশ
B. ন্যায়ঋদ্ধ
C. ন্যায়পাল
D. নৈয়ায়িক

**Answer:** নৈয়ায়িক

**Explanation:** যিনি ন্যায়শাস্ত্রে পণ্ডিত - নৈয়ায়িক। উৎসঃ ভাষা-শিক্ষা, ড.হায়াৎ মামুদ

**Question 40:** আমার জ্বর জ্বর লাগছে- 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-

A. শব্দদ্বিত্ব
B. সার্থক শব্দ
C. যুগ্মশব্দ
D. দ্বিরুক্ত শব্দ

**Answer:** দ্বিরুক্ত শব্দ

**Explanation:** দ্বিরুক্ত অর্থ দুইবার উক্ত হয়েছে এমন। যেমন- আধিক্য বোঝাতে- রাশি রাশি ধন, ধামা ধামা ধান। সামান্য বোঝাতে- আমি আজ জ্বর জ্বর বোধ করছি। ভাবের গভীরতা বোঝাতে- ছি ছি, তুমি কী করেছ? তীব্রতা বোঝাতে- গরম গরম জিলাপি। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি

**Question 41:** শুদ্ধ বাক্য নয় কোনটি**?**

A. বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই।
B. ইশ! যদি পাখির মত পাখা পেতাম।
C. হয়তো সোহমা আসতে পারে।
D. অকারণে ঋণ করিও না।

**Answer:** অকারণে ঋণ করিও না।

**Explanation:** অকারণে ঋণ করিও না - বাক্যটি গুরুচণ্ডালি দোষে দুষ্ট হওয়ায় এটি অশুদ্ধ। এর শুদ্ধরূপ হবে - অকারণে ঋণ করো না।

Medha

**Question 42:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের খসড়া সর্বপ্রথম গণপরিষদে ১৯৭২ সালের কোন তারিখে উত্থাপিত হয়**?**

A. ১১ নভেম্বর
B. ৩ মার্চ
C. ১৬ ডিসেম্বর
D. ১২ অক্টোবর

**Answer:** ১২ অক্টোবর

**Explanation:** বাংলাদেশের সংবিধান খসড়া তৈরীর উদ্দেশ্যে গণপরিষদে ১১ এপ্রিল, ১৯৭২ সালে ৩৪ সদস্য বিশিষ্ঠ সংবিধান প্রনয়ন কমিটি গঠন করা হয়। এর সভাপতি ছিলেন - ড. কামাল হোসেন। - এই কমিটি ৭০টি বৈঠক করে খসড়া সংবিধান প্রণয়ন করেন এবং ১২ অক্টোবর, ১৯৭২ তারিখে গণপরিষদে উত্থাপন করা হয় সাধারন আলোচনার জন্য। - গণপরিষদ সদস্যরা সাধারন আলোচনার পর ১৯৭২ সালের ৪ নভেম্বর তা গণপরিষদে পাশ হয়। ৪ নভেম্বরকে তাই সংবিধান দিবস হিসাবে পালন করা হয়। - সংবিধান ১৬ ডিসেম্বর, ১৯৭২ সাল থেকে কার্যকর হয়। সূত্রঃ বাংলাদেশের সংবিধানের ইতিহাস

**Question 43:** নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত "সোমপুর বিহার" এর প্রতিষ্ঠাতা কে**?**

A. গোপাল
B. বিগ্রহপাল
C. মহীপাল
D. ধর্মপাল

**Answer:** ধর্মপাল

**Explanation:** - পাল বংশের সর্বশ্রেষ্ঠ শাসক ধর্মপাল বৌদ্ধধর্মের প্রসারে নওগাঁ জেলার পাহাড়পুরে 'সোমপুর বিহার' প্রতিষ্ঠা করেন। - এখনো পর্যন্ত সোমপুর বিহার ভারতবর্ষে আবিষ্কৃত বৌদ্ধবিহারসমূহের মধ্যে সবচেয়ে বড় হিসেবে স্বীকৃত। - এটিকে ইউনেস্কো ১৯৮৫ সালে বিশ্ব ঐহিত্যের তালিকায় অন্তর্ভুক্ত করে। (তথ্যসূত্রঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : নবম-দশম শ্রেণী)

**Question 44:** বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি**?**

A. হাতিয়া প্রণালী
B. জাফোর্ড পয়েন্ট
C. মাতারবাড়ি
D. সাঙ্গু ভ্যালি

**Answer:** সাঙ্গু ভ্যালি

**Explanation:** - বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র সাঙ্গু গ্যাসক্ষেত্র। বাংলাদেশের সমুদ্রবক্ষে একমাত্র উৎপাদনশীল গ্যাসক্ষেত্র সাঙ্গু গ্যাসক্ষেত্রটি আনুষ্ঠানিকভাবে নিঃশেষ ও পরিত্যক্ত হয় ২০১৩ সালের ১ অক্টোবর। উৎসঃ দৈনিক পত্রিকা

Medha

রিপোর্ট

**Question 45:** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী গঠিত**?**

A. ১৩৯
B. ১৪০
C. ১৩৮
D. ১৩৭

**Answer:** ১৩৭

**Explanation:** • বাংলাদেশের সংবিধানের ১৩৭নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কর্ম কমিশন প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (বিপিএসসি) একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। এটি সংবিধানের বিধান অনুসারে, ১৯৭২ সালের ৮ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। এই জন্য ৮ এপ্রিলকে - বাংলাদেশ সরকারি কর্ম কমিশন দিবস হিসাবে পালন করা হয়। সূত্রঃ বাংলাদেশ সংবিধান এবং Live MCQ মুজিব বর্ষ এবং সিভিল সার্ভিস পিডিএফ

**Question 46:** প্রতিবছর কোন তারিখে বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়**?**

A. ৭ এপ্রিল
B. ৮ ফেব্রুয়ারী
C. ৮ মার্চ
D. ২ ফেব্রুয়ারী

**Answer:** ২ ফেব্রুয়ারী

**Explanation:** ২ ফেব্রুয়ারী - জাতীয় জনসংখ্যা দিবস ১১ জুলাই - বিশ্ব জনসংখ্যা দিবস উৎসঃ ৮ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

**Question 47: Global Vaccine Summit** অনুষ্ঠিত হয়**-**

A. ৫ মে ২০২০
B. ৮ আগষ্ট ২০২০
C. ৬ জুলাই ২০২০
D. ৪ জুন ২০২০

**Answer:** ৪ জুন ২০২০

**Explanation:** The UK-hosted Global Vaccine Summit heralds a new era of global health collaboration as world leaders show overwhelming commitment to equitable immunisation coverage and global health security in the face of the COVID-19 pandemic. World leaders make historic comments to provide equal access to vaccine for all. _ Global Vaccine Summit held on

Medha

June 4, 2020 Source: GAVI

**Question 48:** উলুবনে মুক্ত ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে-

A. বাক্য সংকোচন
B. এককথায় প্রকাশ
C. ভাবসম্প্রসারণ
D. প্রবাদ-প্রবচন

**Answer:** প্রবাদ-প্রবচন

**Explanation:** দীর্ঘদিনের অভিজ্ঞতা-লব্ধ কোনো গভীর জীবনসত্য লোকপ্রিয় কোন সংক্ষিপ্ত উক্তির মধ্যে সংহত হয়ে প্রকাশিত হলে তাকে প্রবাদ-প্রবচন বলে। যেমনঃ অতি ভক্তি চোরের লক্ষণ, উলুবনে মুক্তা ছড়ানো। উৎসঃ ভাষা-শিক্ষা, ড.হায়াৎ মামুদ

**Question 49:** ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল-

A. মুক্তির ডাক
B. বাংলাদেশ
C. স্বাধীনতা
D. জয় বাংলা

**Answer:** জয় বাংলা

**Explanation:** • সাপ্তাহিক জয়বাংলা, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর থেকে প্রকাশিত বাংলাদেশ আওয়ামী লীগের বাংলা সাপ্তাহিক মুখপত্র। পত্রিকাটি মূলত ছিল মুজিবনগরে প্রবাসী বাংলাদেশ সরকারের একটি প্রচার মাধ্যম। এর লক্ষ্য ছিল একদিকে মুক্তিযুদ্ধের অগ্রগতি ও মুক্তিযোদ্ধাদের কৃতিত্ব জনসমক্ষে তুলে ধরা এবং অন্যদিকে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সপক্ষে বিশ্বজনমত সৃষ্টি ও আন্তর্জাতিক সমর্থন লাভসাপ্তাহিক জয়বাংলা প্রথম প্রকাশিত হয় ১৯৭১ সালের ১১ মে (২৭ বৈশাখ ১৩৭৮)। উৎসঃ বাংলাপিডিয়া

**Question 50:** রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?

A. আমরা বাঙালি
B. ভাষা পরিষদ
C. মাতৃভাষা পরিষদ
D. তমদ্দুন মজলিস

**Answer:** তমদ্দুন মজলিস

**Explanation:** তমদ্দুন মজলিশ: তমদ্দুন মজলিশ ইসলামী আদর্শাশ্রয়ী একটি সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন। দেশে ইসলামী আদর্শ ও ভাবধারা সমুন্নত করার প্রত্যয় নিয়ে ভারত বিভাগের অব্যবহিত পরেই ঢাকায় গড়ে উঠে এই

সংগঠনটি। এটি ছিলো ভাষা আন্দোলন ভিত্তিক প্রথম সংগঠন। - ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু ছাত্র ও অধ্যাপকের উদ্যোগে তমদ্দুন মজলিশ প্রতিষ্ঠিত হয়। - এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য ছিলো - বাংলা ভাষার মাধ্যমে সংস্কৃতির সেবা করা। পাকিস্তান সৃষ্টির পর বাংলা ভাষার পক্ষে সংস্থাটির ভূমিকা ছিলো প্রাথমিক ও গুরুত্বপূর্ণ। - ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেমের উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয় এবং তিনি এই সংগঠনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ছিলেন। - তমদ্দুন মজলিশের মুখপত্র ছিলো - সাপ্তাহিক সৈনিক পত্রিকা। এটি প্রথম প্রকাশিত হয় ১৯৪৮ সালের ১৪ নভেম্বর (২৮ কার্তিক ১৩৫৫)। শুরুতে সৈনিক পত্রিকার সম্পাদকমন্ডলীর সভাপতি ছিলেন শাহেদ আলী এবং পরে সভাপতি হন আবদুল গফুর। ১৯৪৭ সালের ১৬ সেপ্টেম্বর "পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু?" শিরোনামে বাংলা ভাষার পক্ষে তমদ্দুন মজলিশ একটি পুস্তিকা প্রকাশ করে। উৎস: স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র (প্রথম খন্ড), পৃষ্ঠা - ৪৯ ও বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : নবম-দশম শ্রেণী।

**Question 51:** মানুষের দেহের যে সব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরিতে সহায়তা করে তাকে বলে**?**

A. নাসিকাতন্ত্র
B. অঙ্গধ্বনি
C. স্বরতন্ত্রী
D. বাক প্রত্যঙ্গ

**Answer:** বাক প্রত্যঙ্গ

**Explanation:** - মানবদেহের যেসব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরিতে সহায়তা করে তাদের বাক প্রত্যঙ্গ বলা হয়। - বাক প্রত্যঙ্গগুলোকে একসঙ্গে বলা হয় বাগযন্ত্র। বাগযন্ত্রের মধ্যে আছে ফুসফুস, স্বরতন্ত্রী, গলনালি, জিভ, তালু, মাড়ি, দাঁত, ঠোঁট, নাক ইত্যাদি। সূত্রঃ বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী।

**Question 52: WIPO** এর সদর দপ্তর কোথায় অবস্থিত**?**

A. ওয়াশিংটন ডিসি
B. রোম
C. নিউইয়র্ক
D. জেনেভা

**Answer:** জেনেভা

**Explanation:** বিশ্ব মেধাস্বত্ব সংস্থা (WIPO): - প্রতিষ্ঠাকাল -- ১৪ জুলাই, ১৯৬৭ সাল - প্রতিষ্ঠার স্থান - স্টকহোম, সুইডেন - সদস্য সংখ্যা -- ১৯৩টি পূর্ণাঙ্গ সদস্য দেশ ও ৪টি স্থায়ী পর্যবেক্ষক দেশ - প্রতিষ্ঠাকালীন চুক্তি -- The WIPO Convention - সদরদপ্তর -- জেনেভা, সুইজারল্যান্ড উৎসঃ WIPO ওয়েবসাইট ও Live MCQ Content (upcoming)

**Question 53:** বাংলাদেশের বর্তমান সভাপতির পূর্বে কোন দেশ **CVF-** এর সভাপতি ছিল**?**

A. বাহাম
B. মালদ্বীপ

C. গ্রানাডা
D. মার্শাল আইল্যান্ড

**Answer:** মার্শাল আইল্যান্ড

**Explanation:** Climate Vulnerable Forum হলো জলবায়ু পরিবর্তনের প্রভাবের সর্বাধিক ঝুঁকিতে থাকা দেশগুলোর জোট। ২০০৯ সালে কোপেনহেগেন জলবায়ু সম্মেলনের প্রাক্কালে এই জোট গঠিত হয়। এই জোটের বর্তমান সদস্য সংখ্যা ৪৮টি। এই জোটের ২০২০-২০২২ মেয়াদে সভাপতির দায়িত্ব পালন করছে বাংলাদেশ। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা CVF জোটের বর্তমান সভাপতি। - বাংলাদেশের পূর্বে এর সভাপতির দায়িত্বে ছিল মার্শাল আইল্যান্ড। (সূত্র: Climate Vulnerable Forum ওয়েবসাইট)

**Question 54:** ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো**?**

A. ২৫ শে জানুয়ারি
B. ১১ ই ফেব্রুয়ারি
C. ২৫ শে এপ্রিল
D. ১১ই মার্চ

**Answer:** ১১ই মার্চ

**Explanation:** - সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের পক্ষ থেকে ১৯৪৮ সালের ১১ মার্চ 'বাংলাভাষা দাবি দিবস' পালনের সিদ্ধান্ত গৃহিত হয়। এদিন সারাদেশে সাধারণ ধর্মঘটের ডাক দেওয়া হয়। এদিন পুলিশের গুলিতে অনেকে হতাহত হয় এবং বঙ্গবন্ধু, অলি আহাদসহ অনেককে গ্রেফতার করা হয়। এতে ১২-১৫ মার্চ আবারও ধর্মঘটের ডাক দেওয়া হয়। এর ফলে ১৫ই মার্চ খাজা নাজিমউদ্দিন আন্দোলনকারীদের সাথে একটি চুক্তিতে বাধ্য হন। (সূত্রঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, বাংলাদেশ ও বিশ্বপরিচয় : নবম-দশম শ্রেণী)

**Question 55:** বাঙ্গালি উপভাষা অঞ্চল কোনটি**?**

A. নন্দীয়া
B. ত্রিপুরা
C. পুরুলিয়া
D. বরিশাল

**Answer:** বরিশাল

**Explanation:** বাংলাদেশে বিভিন্ন অঞ্চলের ভৌগোলিক অবস্থান, যোগাযোগ ব্যবস্থার অভাব, অর্থনৈতিক বৈষম্য এবং সামাজিক ও ধর্মীয় কারণে বিভিন্ন উপভাষার সৃষ্টি হয়েছে। ব্রিটিশ আমলে কলকাতায় স্বতন্ত্র শ্রেণির প্রমিত ভাষা গড়ে উঠলেও ঢাকায় তা হয়নি; এমনকি ঢাকা বাংলাদেশের রাজধানী হওয়ার পরেও নয়।

**Question 56:** কৃষিক্ষেত্রে রবি মৌসুম কোনটি**?**

Medha

A. শ্রাবণ - আশ্বিন
B. চৈত্র - বৈশাখ
C. ভাদ্র - অগ্রহায়ণ
D. কার্তিক - ফাল্গুন

**Answer:** কার্তিক - ফাল্গুন

**Explanation:** বাংলাদেশের ফসল উৎপাদনের জন্য জলবায়ুর ভিত্তিতে সারা বছরকে প্রধানত দুটি মৌসুম যথা—রবি মৌসুম ও খরিপ মৌসুম হিসেবে ভাগ করা হয়েছে। রবি মৌসুমঃ সাধারণত আশ্বিন থেকে ফাল্গুন মাস পর্যন্ত সময়কালকে রবি মৌসুম বলে। রবি শস্য মূলত শীতকালীন শস্য বা ফসল হিসেবে পরিচিত। খরিপ মৌসুমকে দুইভাগে ভাগ করা হয়। খরিপ- ১ঃ চৈত্র মাস থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত সময়কে খরিপ-১ মৌসুম বা গ্রীষ্মকাল বলা হয়। খরিপ-২ঃ আষাঢ় মাস থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়কে খরিপ-২ মৌসুম বা বর্ষাকাল বলা হয়। উৎসঃ কৃষিশিক্ষা, ৭ম শ্রেণি(২০২১ সংস্করণ)। - তবে জাতীয় তথ্য বাতায়নে রবি মৌসুম ১৬ অক্টোবর হতে ১৫ মার্চ পর্যন্ত অর্থাৎ কার্তিক মাস হতে ফাল্গুন মাস পর্যন্ত বলে উল্লেখ করা হয়েছে।

**Question 57: যদি ICE : COLDNESS, তবে EARTH: ?**

A. Weight
B. Jungle
C. Sea
D. Gravity

**Answer:** Gravity

**Explanation:** Coldness যেমন Ice এর ধর্ম/গুণ, পৃথিবীরও একটি ধর্ম বা গুণ হচ্ছে এর Gravity.

**Question 58: D-8 Organization for Economic Cooperation বা D8 এর দশম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**

A. আবুজা
B. তেহরান
C. ইস্তাম্বুল
D. ঢাকা

**Answer:** ঢাকা

**Explanation:** - D-8 (Developing Eight) হলো মুসলিম বিশ্বের উন্নয়নশীল ৮টি দেশের মধ্যে অর্থনৈতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার উদ্দেশ্যে গঠিত একটি জোট। - এটি ১৯৯৭ সালের ১৫ জুন গঠিত হয়। - এর সদরদপ্তর তুরস্কের ইস্তাম্বুল শহরে অবস্থিত। - বাংলাদেশ ২০২১ সালে D-8 (Developing Eight) জোটের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছে। - ২০২১ সালের ৮ এপ্রিল ঢাকায় দশম D-8 সম্মেলন অনুষ্ঠিত হয়। (তথ্যসূত্রঃ ডি-৮ ওয়েবসাইট)

Medha

**Question 59:** কোন দেশটি সম্প্রতি ইসরাইলের সাথে কুটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে**?**

A. সৌদি আরব
B. কুয়েত
C. ওমান
D. সংযুক্ত আরব আমিরাত

**Answer:** সংযুক্ত আরব আমিরাত

**Explanation:** - ইসরাইলের সাথে প্রথম আরব দেশ হিসেবে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে মিশর। - তবে প্রথম মুসলিম দেশ হিসেবে স্বীকৃতি দেয় তুরস্ক। - দ্বিতীয় দেশ জর্ডান, - তৃতীয় দেশ আরব আমিরাত এবং - চতুর্থ দেশ হিসেবে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে বাহরাইন। - ১৬ আগস্ট ২০২০ সালে সরাসরি ফোন চালুর মাধ্যমে দুই দেশ আরব আমিরাত ও ইসরাইল কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। উৎসঃ লাইভ এমসিকিউ সাম্প্রতিক সমাচার এবং বিবিসি নিউজ।

**Question 60:** ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত**?**

A. ৪৯
B. ৩০
C. ৩৫
D. ২৫

**Answer:** ২৫

**Explanation:** ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় = (১ + ৪৯) / ২ = ২৫

**Question 61:** 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির স্থপতি কে**?**

A. হামিদুজ্জামান খান
B. রবিউল হুসাইন
C. আব্দুর রাজ্জাক
D. নিতুন কুণ্ডু

**Answer:** নিতুন কুণ্ডু

**Explanation:** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত স্বাধীনতা যুদ্ধের স্মারক ভাস্কর্য 'সাবাস বাংলাদেশ'। • ভাস্কর্যটির ভাস্কর - নিতুন কুণ্ডু। - ১৯৯২ সালের ১০ ফেব্রুয়ারি শহীদ জননী জাহানারা ইমাম এটি উদ্বোধন করেন। - কবি সুকান্ত ভট্টাচার্যের সাবাশ বাংলাদেশ কবিতার নামানুসারে এটির নামকরণ করা হয়। উৎসঃ বাংলাপিডিয়া এবং পত্রিকা রিপোর্ট

**Question 62:** ঢাকা গেইট এর নির্মাতা কে**?**

A. শায়েস্তা খাঁ

B. নবাব আবদুল গণি
C. লর্ড কার্জন
D. মীর জুমলা

**Answer:** মীর জুমলা

**Explanation:** মোগল সম্রাট আওরঙ্গজেবের আমলে বাংলার সুবাদার ছিলেন মীর জুমলা। - এশিয়াটিক সোসাইটি থেকে প্রকাশিত ঢাকা কোষ-এ বলা হয়েছে, মীর জুমলা ১৬৬০ থেকে ১৬৬৩ সালের মধ্যে ঢাকার সীমানা চিহ্নিত করতে এবং স্থলপথে শত্রুদের আক্রমণ থেকে রক্ষা করতে ঢাকা গেইট-টি নির্মাণ করেছিলেন। ঢাকার সমৃদ্ধ ইতিহাসের সাক্ষ্য বহন করছে ৩৫০ বছরের প্রাচীন এই তোরণ 'ঢাকা গেট'। উৎসঃ পত্রিকা রিপোর্ট

**Question 63:** টাকায় ৩টি এবং টাকায় ৫ টি করে সমান সংখ্যক আমলকি ক্রয় করে এক ব্যক্তি টাকায় ৪টি করে আমলকি বিক্রয় করলেন। ঐ ব্যক্তির শতকরা কত লাভ বা ক্ষতি হলো তা নির্ণয় করুন।

A. ৪.২৫% লাভ
B. ৫.২৫% ক্ষতি
C. ৭.২৫% লাভ
D. ৬.২৫% ক্ষতি

**Answer:** ৬.২৫% ক্ষতি

**Explanation:** ধরি, টাকায় ৩ টি করে ৫ টাকায় ব্যক্তিটি ১৫ টি আমলকি ক্রয় করলো এবং টাকায় ৫ টি করে ৩ টাকায় আরো ১৫ টি আমলকি ক্রয় করলো অর্থাৎ,৩০ টি আমলকি ক্রয় করলো ৮ টাকায় ∴ ১ টি আমলকীর ক্রয়মূল্য ৮/৩০ টাকা ১ টাকায় ৪ টি আমলকি বিক্রয় করলে, ১ টি আমলকির বিক্রয়মূল্য ১/৪ টাকা বিক্রয়মূল্য - ক্রয়মূল্য = ১/৪ - ৮/৩০ = (১৫ - ১৬)/৬০ = -১/৬০ টাকা অর্থাৎ, ক্ষতি হয় ১/৬০ টাকা ∴ শতকরা ক্ষতির হার = (১×৩০×১০০)/(৬০×৮)% = ৬.২৫%

**Question 64:** গ্রীন হাউস গ্যাসসমূহ নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি **"The Kyoto Protocol"** জাতিসংঘ কর্তৃক কত সালে গৃহীত হয়**?**

A. ২০০৪
B. ১৯৯৯
C. ২০০৩
D. ১৯৯৭

**Answer:** ১৯৯৭

**Explanation:** - বৈশ্বিক উষ্ণায়নের জন্যে দায়ী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কমানোর উদ্দেশ্যে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর জাপানের কিয়োটো শহরে 'কিয়োটো প্রটোকল' গৃহিত হয়। - এটির অংশীদার ১৯২টি দেশ ও সংস্থা। ২০০৫ সালের ১৬ ফেব্রুয়ারি এটি কার্যকর হয়। (সূত্রঃ UNFCCC ওয়েবসাইট)

**Question 65:** কোনটি **"Bretton Woods Institutions"** এর অন্তর্ভূক্ত**?**

A. IDB
B. ADB
C. WTO
D. IMF

**Answer:** IMF

**Explanation:** - ১ থেকে ২২ জুলাই ১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫ টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয় আইএমএফ ও বিশ্বব্যাংক। - তাই আইএমএফ ও বিশ্বব্যাংককে ব্রেটন উডস ইনস্টিটিউট বলা হয়। উৎসঃ বিশ্বব্যাংক ও আইএমএফের ওয়েবসাইট।

**Question 66:** কোন চুক্তির মাধ্যমে ইউরোপের **"Thirty years' war"** এর সমাপ্তি ঘটে**?**

A. ভারসাই চুক্তি, ১৯১৯
B. লুজান চুক্তি, ১৯২৩
C. প্যারিস চুক্তি, ১৭৮৩
D. ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮

**Answer:** ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮

**Explanation:** Peace of Westphalia, European settlements of 1648, which brought to an end the Eighty Years' War between Spain and the Dutch and the German phase of the Thirty Years' War. The peace was negotiated, from 1644, in the Westphalian towns of Münster and Osnabrück. The Spanish-Dutch treaty was signed on January 30, 1648. Source: Britannica

**Question 67:** বাংলাদেশে প্রধান বীজ উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান **-**

A. BARI
B. BRRI
C. BINA
D. BADC

**Answer:** BADC

**Explanation:** - বাংলাদেশের প্রধান সরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হলো BADC (Bangladesh Agricultural Development Corporation)। - ১৯৬১ সালে প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান কৃষি উন্নয়ন কর্পোরেশন দেশ স্বাধীনের পর BADC নামধারণ করে। এটির প্রধান কার্যালয় ঢাকার মতিঝিলে অবস্থিত।

**Question 68:** ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল**?**

Medha

A. ঊনবিংশ শতাব্দীতে
B. চতুর্দশ শতাব্দীতে
C. ষোড়শ শতাব্দীতে
D. অষ্টাদশ শতাব্দীতে

**Answer:** অষ্টাদশ শতাব্দীতে

**Explanation:** • Agricultural revolution, gradual transformation of the traditional agricultural system that began in Britain in the 18th century. Aspects of this complex transformation, which was not completed until the 19th century, included the reallocation of land ownership to make farms more compact and an increased investment in technical improvements, such as new machinery, better drainage, scientific methods of breeding, and experimentation with new crops and systems of crop rotation. Source: Britannica

**Question 69:** মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়-

A. ২ মার্চ, ২০২০
B. ২৫ জানুয়ারি, ২০২০
C. ৩০ এপ্রিল, ২০২০
D. ২৯ ফেব্রুয়ারি, ২০২০

**Answer:** ২৯ ফেব্রুয়ারি, ২০২০

**Explanation:** - আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে গত ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে কাতারের দোহায় যুক্তরাষ্ট্র ও তালেবানের মধ্যে এই শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়। - যুক্তরাষ্ট্রের পক্ষে সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও ও তালেবানের পক্ষে তালেবানের শীর্ষ নেতারা এই চুক্তিতে স্বাক্ষর করেন। - এই চুক্তি অনুসারে ১৪ মাসের মধ্যে আফগানিস্তান থেকে নিজেদের সেনা সরিয়ে নেয়ার ব্যাপারে রাজি হয়েছে যুক্তরাষ্ট্র ও ন্যাটো জোট। সূত্রঃ সিএনএন এবং লাইভ এমসিকিউ সাম্প্রতিক সমাচার, এপ্রিল ২০২০

**Question 70:** বাংলাদেশের জাতীয় আয়ে কোন খাতে প্রবৃদ্ধির হার সবচেয়ে বেশি?

A. কৃষি ও বনজ
B. মৎস
C. স্বাস্থ্য ও সামাজিক সেবা
D. শিল্প

**Answer:** শিল্প

**Explanation:** বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২০ অনুযায়ী, - জিডিপিতে কৃষি খাতের অবদান ১৩.৩৫ শতাংশ। - কৃষি খাতে প্রবৃদ্ধির হার ৩.১১ শতাংশ। - কৃষি খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৪০.৬ শতাংশ। - জিডিপিতে শিল্প খাতের অবদান ৩৫.৩৬ শতাংশ। - শিল্প খাতে প্রবৃদ্ধির হার ৬.৪৮ শতাংশ। - শিল্প খাতে নিয়োজিত জনগোষ্ঠী ২০.৪ শতাংশ। -

জিডিপিতে সেবা খাতের অবদান ৫১.৩০ শতাংশ। - সেবা খাতে প্রবৃদ্ধির হার ৫.৩২ শতাংশ। - সেবা খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৩৯.০ শতাংশ।

**Question 71:** ডিসেম্বর-২০২০ এ অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে কয়টি সমোঝতা স্মারক স্বাক্ষরিত হয়?

A. ৩টি
B. ৫ টি
C. ৯টি
D. ৭ টি

**Answer:** ৭ টি

**Explanation:** ১৭ ডিসেম্বর, ২০২০ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। - দুই দেশের প্রধানমন্ত্রীর ভার্চুয়াল শীর্ষ বৈঠকের আগে জ্বালানি, সামাজিক উন্নয়ন, কৃষিসহ সাতটি বিষয়ে সহযোগিতার লক্ষ্যে সাতটি কাঠামো চুক্তি, প্রটোকল ও সমঝোতা স্মারকে সই হয়। উৎসঃ ডয়েচেভেলে এবং প্রথম আলো

**Question 72:** ১৯৭১ সালে **'The Concert for Bangladesh'** কোথায় অনুষ্ঠিত হয়?

A. চট্টগ্রাম
B. কলকাতা
C. লন্ডন
D. নিউইয়র্ক

**Answer:** নিউইয়র্ক

**Explanation:** - ১৯৭১ সালের ১ আগস্ট মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ারে 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠিত হয়। - এর উদ্দেশ্য ছিলো কনসার্ট থেকে প্রাপ্ত অর্থ দিয়ে বাংলাদেশের শরনার্থীদের সহায়তা করা। - এর মূল উদ্যোক্তা ছিলেন বিখ্যাত ভারতীয় সেতারবাদক পণ্ডিত রবিশংকর। - তার আহবানে সাড়া দিয়ে মার্কিন ব্যান্ডদল বিটলসের জর্জ হ্যারিসন, বব ডিলান, রিঙ্গো স্টার প্রমুখ এই কনসার্টে অংশগ্রহণ করেন। - বাংলাদেশের আকবর আলী খাঁ, তবলাবাদক ওস্তাদ আল্লারাখা প্রমুখ এতে যুক্ত ছিলেন। (তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া এবং মুক্তিযুদ্ধ জাদুঘর ওয়েবসাইট)

**Question 73:** নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র?

A. ধীরে বহে মেঘনা
B. কলমিলতা
C. আবার তোরা মানুষ হ
D. হুলিয়া

**Answer:** হুলিয়া

**Explanation:** মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র - হুলিয়া - এটি নির্মাণ করেন তানভীর মোকাম্মেল। - ষাটের দশকে প্রগতিশীল সংগঠনের কর্মীদের ওপর পশ্চিম পাকিস্তান সরকারের নিপীড়ন-নির্যাতনের মধ্যে হুলিয়া বুকে নিয়ে ঘরছাড়া এক তরুণকে নিয়ে লেখা কবি নির্মলেন্দু গুণের কবিতাকে ক্যামেরার ফ্রেমে তুলে এনেছেন তানভীর মোকাম্মেল। তানভীর মোকাম্মেলের নদীর নাম মধুমতি মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ চলচিত্র মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ চলচ্চিত্র ধীরে বহে মেঘনা-র পরিচালক আলমগীর কবির উৎসঃ দৈনিক পত্রিকা রিপোর্ট

**Question 74:** সম্প্রতি (সেপ্টেম্বর ২০২০) কোন অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মাঝে সংঘর্ষ হয়?

A. আর্টসাখ প্রজাতন্ত্র
B. নাকার্চভান ছিটমহল
C. ইয়েরেভান
D. নাগার্নো-কারাবাখ

**Answer:** নাগার্নো-কারাবাখ

**Explanation:** - নাগার্নো কারাবাখ হলো ককেশাস অঞ্চলে অবস্থিত আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যকার একটি বিরোধপূর্ণ অঞ্চল। - এটি আন্তর্জাতিকভাবে আজারবাইজানের ভূখণ্ড হিসেবে স্বীকৃত হলেও এর অধিকাংশ অধিবাসী হলো আর্মেনীয় জাতিসত্বার। ফলে এর নিয়ণন্ত্রণকে কেন্দ্র করে দেশ দুটির মধ্যে দফায় দফায় সংঘর্ষ বাঁধে। - ১৯৯৪ সাল থেকে আর্মেনিয়া অঞ্চলটির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে।

**Question 75:** কোথায় শেনজেন (Schengen) চুক্তি স্বাক্ষরিত হয়?

A. ১৯৯৫ সালে ডেনমার্কে
B. ১৯৮৪ সালে বেলজিয়ামে
C. ১৯৯৬ সালে হাঙ্গেরিতে
D. ১৯৮৫ সালে লুক্সেমবার্গে

**Answer:** ১৯৮৫ সালে লুক্সেমবার্গে

**Explanation:** - শেনজেন চুক্তি হলো অবাধ চলাচল সংক্রান্ত একটি চুক্তি যা ১৯৮৫ সালের ১৪ জুন লুক্সেমবার্গের শেনজেন শহরে স্বাক্ষরিত হয়। - চুক্তিটি কার্যকর হয় ১৯৯৫ সালের ২৬ মার্চ। - এর উদ্দেশ্য ইউরোপকে জুড়ে ভিসা ও সীমানামুক্ত করে অবাধ চলাচল নিশ্চিত করা। - বর্তমানে ইউরোপের ২৬টি দেশ শেনজেন এলাকার অন্তর্ভুক্ত। (সূত্র: শেনজেন ভিসা ইনফো ওয়েবসাইট)

**Question 76:** নিচের ধারার শেষ সংখ্যা কত? ৩, ৯, ২৭, ৮১, ....?

A. ২৪১
B. ২৪৭
C. ২৪৫

Medha

D. ২৪৩

**Answer:** ২৪৩

**Explanation:** ৩, ৯, ২৭, ৮১ ..... = ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫ .......... ∴ ৩৫ = ২৪৩

**Question 77: secA + tanA = 5/2 হলে, secA – tanA= ?**

A. Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Sun Jan 05 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. Fri May 02 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. Wed Feb 05 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer:** Wed Feb 05 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation:** sec2A - tan2A = 1 ⇒ (secA + tanA)(secA - tanA) = 1 ∴ (secA - tanA) = 1/(5/2) = 2/5

**Question 78:** আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিসের উন্মেষ ঘটে কোন দেশ হতে**?**

A. যুক্তরাজ্য
B. যুক্তরাষ্ট্র
C. ভারত
D. চীন

**Answer:** চীন

**Explanation:** Chinese civil service, the administrative system of the traditional Chinese government, the members of which were selected by a competitive examination. The Chinese civil service system gave the Chinese empire stability for more than 2,000 years and provided one of the major outlets for social mobility in Chinese society. It later served as a model for the civil service systems that developed in other Asian and Western countries

**Question 79:** বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে**?**

A. ৪
B. ৮
C. ১২
D. ১৬

**Answer:** ১৬

Medha

**Explanation:** বৃত্তের ক্ষেত্রফল এর ব্যাস বা ব্যাসার্ধের বর্গের সমানুপাতে বৃদ্ধি পাবে। সুতরাং বৃত্তের ব্যাস ৪ গুণ বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল ১৬ গুণ বৃদ্ধি পাবে।

**Question 80: Sustainable Development Goals (SDG)** কয়টি**?**

A. ১৩ টি
B. ১৫ টি
C. ৩১ টি
D. ১৭টি

**Answer:** ১৭টি

**Explanation:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG): - SDG - এর পূর্ণরূপ Sustainable Development Goals বা টেকসই উন্নয়ন লক্ষ্য। - SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি বৈশ্বিক লক্ষ্য (Goals) এর আওতায় ১৬৯টি টার্গেট অন্তর্ভুক্ত রয়েছে। - বিশ্বের সকল দেশের সকল নাগরিকের জন্য একটি অধিকতর উন্নত ভবিষ্যৎ নিশ্চিতের জন্য জাতিসংঘ টেকসই উন্নয়ন লক্ষ্য প্রণয়ন করে। - UNDP - এর প্রত্যক্ষ সহযোগীতায় এবং জাতিসংঘের অন্যান্য সকল অঙ্গ ও বিশেষ সংস্থার সহযোগীতায় ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও টার্গেট সমূহ বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করার জন্য প্রাকৃতিক ও খনিজ সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করা জরুরী। উৎসঃ জাতিসংঘ ও UNDP ওয়েবসাইট

**Question 81:** ৩০ কি**.**মি পথ পাড়ি দিতে জয়নুলের রনির থেকে ২ ঘন্টা সময় বেশি লেগেছে। জয়নুল যদি তার গতি দ্বিগুণ করত তাহলে রনির থেকে ১ ঘন্টা সময় কম লাগত। জয়নুলের গতি কত ছিল**?**

A. ৪ কি.মি./ঘন্টা
B. ৭.৫ কি.মি./ঘন্টা
C. ৬ কি.মি./ঘন্টা
D. ৫ কি.মি./ঘন্টা

**Answer:** ৫ কি.মি./ঘন্টা

**Explanation:** ধরি, জয়নুল এবং রনির গতিবেগ যথাক্রমে x এবং y কিলোমিটার/ঘন্টা ১ম শর্তানুসারে, 30/y = 30/x - 2 ২য় শর্তানুসারে, 30/y = 30/2x + 1 ∴ 30/x - 2 = 30/2x + 1 ⇒ 30/x - 30/2x = 1 + 2 = 3 ⇒ (60 - 30)/2x = 3 ⇒ x = 30/(2×3) = 5 ∴ জয়নুলের গতিবেগ যথাক্রমে 5 কিলোমিটার/ঘন্টা

**Question 82:** বাংলাদেশের ছয় ঋতুর সঠিক অনুক্রম কোনটি**?**

A. গ্রীষ্ম, বর্ষা, বসন্ত, হেমন্ত, শীত ও শরৎ
B. বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত ও গ্রীষ্ম
C. শরৎ, হেমন্ত, শীত, বসন্ত, গ্রীষ্ম ও বর্ষা
D. গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত

**Answer:** গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত

**Explanation:** বাংলাদেশ ষড়ঋতুর দেশ। মৌসুমি বায়ুর প্রভাবে এদেশে ঋতুর আবির্ভাব ঘটে এবং সেগুলি পর্যায়ক্রমে আবর্তিত হয়। ভৌগোলিক অবস্থানের দরুণ এখানকার জলবায়ু নাতিশীতোষ্ণ। - যদিও বাংলাদেশের জলবায়ু প্রধানত উপক্রান্তীয় মৌসুমি প্রকৃতির তথা উষ্ণ ও আর্দ্র, তথাপি প্রচলিত বাংলা বর্ষপঞ্জিতে বছরকে ছয়টি ঋতুতে বিভক্ত করা হয়েছে। - যথা: গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত। প্রতি দু মাস অন্তর ঋতু বদল হয়। উল্লেখ্য যে, সব সময় নির্ধারিত সময়ের মধ্যেই ঋতুপরিবর্তন সীমাবদ্ধ থাকে না, কখনও কখনও কোনো কোনো ঋতুর শুরু ও শেষ কিংবা ব্যাপ্তিতে পরিবর্তন ঘটে। - প্রকৃতপক্ষে বাংলাদেশে সুস্পষ্ট তিনটি ঋতু বিদ্যমান: মার্চ মাস থেকে মে মাস (ফাল্গুন-চৈত্র থেকে বৈশাখ-জ্যৈষ্ঠ) পর্যন্ত বিরাজমান প্রাক মৌসুমি গ্রীষ্মকাল, জুন থেকে অক্টোবর মাসের মধ্যভাগ (জ্যৈষ্ঠ-আষাঢ় থেকে আশ্বিন-কার্তিক) পর্যন্ত বিরাজমান মৌসুমি বায়ুসৃষ্ট বর্ষাকাল এবং মধ্য-অক্টোবর থেকে ফেব্রুয়ারি মাসের শেষভাগ (কার্তিক-অগ্রহায়ন থেকে মাঘ-ফাল্গুন) পর্যন্ত বিরাজমান শুষ্ক শীতকাল। উৎসঃ বাংলাপিডিয়া

**Question 83: 5 + 8 + 11 + 14 + ……** ধারাটির কত তম পদ **302?**

A. 60 তম পদ
B. 70 তম পদ
C. 90 তম পদ
D. 100 তম পদ

**Answer:** 100 তম পদ

**Explanation:** এখানে,ধারাটির প্রথম পদ a = 5, সাধারণ অন্তর d = 8 - 5 = 3 ধরি, n তম পদ = 302 আমরা জানি, n তম পদ = a + (n - 1) d বা, 5 + (n - 1) 3 = 302 বা, n = 100 ∴ ধারাটির 100 তম পদ 302 হবে।

**Question 84:** কোনটি যমুনার উপনদী**?**

A. বংশী
B. ধলেশ্বরী
C. ধোলাই
D. তিস্তা

**Answer:** তিস্তা

**Explanation:** ব্রহ্মপুত্র-যমুনা বাংলাদেশের দ্বিতীয় এবং বিশ্বের দীর্ঘতম নদীসমূহের মধ্যে অন্যতম। তিববত, চীন, ভারত এবং বাংলাদেশের ভূখন্ড জুড়ে রয়েছে এর অববাহিকা অঞ্চল। প্রকৃতপক্ষে ব্রহ্মপুত্র নদের নিম্ন প্রবাহ যমুনা নামে অভিহিত। ব্রহ্মপুত্র-যমুনার চারটি প্রধান উপনদী রয়েছে: দুধকুমার, ধরলা, তিস্তা এবং করতোয়া-আত্রাই নদীপ্রণালী। এদের মধ্যে দুধকুমার, ধরলা এবং তিস্তা নদী তিনটি খরস্রোতা প্রকৃতির এবং ভারতের দার্জিলিং ও ভূটানের মধ্যবর্তী হিমালয়ের দক্ষিণপার্শ্বে অত্যধিক ঢালবিশিষ্ট অববাহিকা থেকে উৎপন্ন হয়েছে। উৎসঃ বাংলাপিডিয়া

**Question 85:** নিচের প্রশবোধক স্থানে কোনটি বসবে**? 15/A, G/21, 28/N, ?/?**

A. 54/N
B. T/18
C. L/52
D. V/36

**Answer:** V/36

**Explanation:** উত্তর হবে V/36 15/A, G/21, 28/N, V/36 - এই ধারায় বর্ণ এবং অক্ষর যথাক্রমে 6, 7, 8 করে বৃদ্ধি পেয়েছে।

**Question 86:** বঙ্গবন্ধু কত সালে এবং কোন শহরে জোট নিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন**?**

A. ১৯৭২, কায়রো
B. ১৯৭৪, নয়া দিল্লী
C. ১৯৭৫, বেলগ্রেড
D. ১৯৭৩, আলজিয়ার্স

**Answer:** ১৯৭৩, আলজিয়ার্স

**Explanation:** - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশ ১৯৭৩ সালের ৫-৯ সেপ্টেম্বর আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে অনুষ্ঠিত জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) চতুর্থ সম্মেলনে অংশগ্রহণ ও সদস্যপদ লাভ করে। - ন্যামের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৬১ সালের ১-৬ সেপ্টেম্বর বর্তমান সার্বিয়ার রাজধানী বেলগ্রেড শহরে। - সর্বশেষ ন্যাম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২০১৯ সালের ২৫-২৬ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকু শহরে। (সূত্র: ন্যাম ওয়েবসাইট)

**Question 87:** এক ব্যক্তি ব্যাংকে ৫১০ টাকার চেক দিয়ে ২০ টাকার এবং ৫০ টাকার নোট প্রদানের জন্য অনুরোধ করলেন। কত প্রকারে তাঁর অনুরোধ রক্ষা করা সম্ভব**?**

A. ৩ প্রকারে
B. ৪ প্রকার
C. ৬ প্রকারে
D. ৫ প্রকারে

**Answer:** ৫ প্রকারে

**Explanation:** ৫ প্রকারে অনুরোধ রক্ষা করা সম্ভব। (৫০ x ১) + (২০ x ২৩) = ৫১০ (৫০ x ৩) + (২০ x ১৮) = ৫১০ (৫০ x ৫) + (২০ x ১৩) = ৫১০ (৫০ x ৭) + (২০ x ৮) = ৫১০ (৫০ x ৯) + (২০ x ৩) = ৫১০

**Question 88:** **logx1/9 = -2** হলে, **x** এর মান কোনটি**?**

A. -1/3
B. 2
C. Fri Jan 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. 3

**Answer:** 3

**Explanation:** logx1/9 = -2 ⇒ x-2 = 1/9 ⇒ 1/x2 = 1/32 ⇒ x2 = 32 ∴ x = 3

**Question 89: IUCN** এর কাজ হলো বিশ্বব্যাপী**-**

A. পানি সম্পদ রক্ষা করা
B. সন্ত্রাস দমন করা
C. পরিবেশ দূষণ রোধ করা
D. প্রাকৃতিক সম্পদ রক্ষা করা

**Answer:** প্রাকৃতিক সম্পদ রক্ষা করা

**Explanation:** - IUCN (The International Union for Conservation of Nature) হলো প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ তথা পরিবেশ সংরক্ষণ বিষয়ক একটি আন্তর্জাতিক সংস্থা। - এটি ১৯৪৮ সালের ৫ অক্টোবর ফ্রান্সের ফনটেনব্লু শহরে প্রতিষ্ঠিত হয়। - এর সদরদপ্তর সুইজারল্যান্ডের গ্ল্যান্ড শহরে অবস্থিত। - বর্তমান সদস্য সংখ্যা প্রায় ১,৪০০ এবং বিশেষজ্ঞ সংখ্যা প্রায় ১৮,০০০। - এটি বিশ্বের ১৬০টির অধিক দেশে কাজ করছে। উৎসঃ IUCN

**Question 90:** কার্টাগেনা প্রটোকল কোন সালে স্বাক্ষরিত হয়**?**

A. ২০০৫ সালে
B. ২০০১ সালে
C. ২০০৩ সালে
D. ২০০০ সালে

**Answer:** ২০০০ সালে

**Explanation:** - জৈব নিরাপত্তা বিষয়ক বৈশ্বিক চুক্তি হলো কার্টাগেনা প্রোটোকল। - ২০০০ সালের ২৪-২৯ জানুয়ারি কানাডার মন্ট্রিয়াল শহরে অনুষ্ঠিত জৈব নিরাপত্তা বিষয়ক কনভেনশনে এটি গৃহিত হয়। - চুক্তিটি কার্যকর হয় ২০০৩ সালের ১১ সেপ্টেম্বর। - চুক্তিটিতে স্বাক্ষরকারী দেশ ১০৩টি এবং অংশীদার ১৭৩টি দেশ। - বাংলাদেশ ২৪ মে ২০০০ এতে স্বাক্ষর এবং ৫ ফেব্রুয়ারি ২০০৪ এটি অনুমোদন করে। (তথ্যসূত্রঃ জাতিসংঘ ওয়েবসাইট)

**Question 91:** কোন তারিখে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা পুনরায় আরোপ করে**?**

A. ১০ আগস্ট, ২০২০
B. ১৫ জুলাই, ২০২০

Medha

C. ১৮ অক্টোবর, ২০২০
D. ১৯ সেপ্টেম্বর, ২০২০

**Answer:** ১৯ সেপ্টেম্বর, ২০২০

**Explanation:** আন্তর্জাতিক সম্প্রদায়ের তীব্র বিরোধীতা সত্ত্বেও ১৯ সেপ্টেম্বর, ২০২০ যুক্তরাষ্ট্র ইরানের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করে। (তথ্যসূত্রঃ দ্যা গার্ডিয়ান এবং আল জাজিরা)

**Question 92:** বঙ্গভঙ্গের ফলে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল**?**

A. পূর্ববঙ্গ
B. পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা
C. পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ
D. পূর্ববঙ্গ ও আসাম

**Answer:** পূর্ববঙ্গ ও আসাম

**Explanation:** - ১৯০৫ সালের ১৬ অক্টোবর লর্ড কার্জনের সময়ে বাংলা প্রেসিডেন্সিকে ভেঙ্গে দুটো প্রদেশ করা হয় যা বঙ্গভঙ্গ নামে পরিচিত। - বঙ্গভঙ্গ অবিভক্ত বাংলায় তথা সমগ্র ভারতীয় উপমহাদেশের রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। - ১৯০৫ সালের ১ সেপ্টেম্বর বঙ্গভঙ্গের ঘোষণা প্রদান করা হয় এবং ১৫ অক্টোবর থেকে তা কার্যকর হয়। - ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগ এবং আসাম নিয়ে গঠিত হয় 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশ। এ প্রদেশের রাজধানী স্থাপিত হয় ঢাকায়। - পশ্চিমবঙ্গ, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত হয় পশ্চিমবঙ্গ প্রদেশ। এ প্রদেশের রাজধানী হয় কলকাতা। - কিন্তু কংগ্রেস ও হিন্দুদের তীব্র বিরোধিতা এবং সহিংস আন্দোলনের কারণে ব্রিটিশ সরকার বঙ্গভঙ্গ রদ করতে বাধ্য হয়। - লর্ড হার্ডিঞ্জের সময় ১৯১১ সালের ডিসেম্বরে ব্রিটেনের রাজা পঞ্চম জর্জ দিল্লিতে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। উৎসঃ পৌরনীতি ও সুশাসন, একাদশ দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক; বাংলাপিডিয়া এবং বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, নবম-দশম শ্রেণি

**Question 93:** মুক্তিযুদ্ধ জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়**?**

A. ২০০৮
B. ১৯৯৮
C. ২০০০
D. ১৯৯৬

**Answer:** ১৯৯৬

**Explanation:** - ১৯৯৬ সালের ২২ শে মার্চ সেগুনবাগিচায় বেসরকারি উদ্যোগে দেশের প্রথম মুক্তিযুদ্ধ জাদুঘর প্রতিষ্ঠা করা হয়। - সেগুনবাগিচার ভাড়া বাড়ি থেকে ২০১৭ সালের এপ্রিলে মুক্তিযুদ্ধ জাদুঘর শেরে বাংলা নগর আগারগাঁওয়ে সরকার প্রদত্ত জমিতে নির্মিত নিজস্ব ভবনে স্থানান্তর করা হয়। - বর্তমানে মুক্তিযুদ্ধ জাদুঘর আগারগাঁওয়ে অবস্থিত। (সূত্রঃ মুক্তিযুদ্ধ জাদুঘর ওয়েবসাইট)

**Question 94:** একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার। চৌবাচ্চাটির গভীরতা কত**?**

A. ১.৫ মিটার
B. ৩.৫ মিটার
C. ৩ মিটার
D. ২.৫ মিটার

**Answer:** ২.৫ মিটার

**Explanation:** ধরি, চৌবাচ্চাটির গভীরতা = ক মিটার ∴ চৌবাচ্চাটির আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × গভীরতা = ২.৫৬ × ১.২৫ × ক = ৩.২ক ঘনমিটার আমরা জানি, ১ ঘনমিটার = ১০০০ লিটার ∴ ৮০০০ লিটার = ৮০০০/১০০০ = ৮ ঘনমিটার প্রশ্নমতে, ৩.২ক = ৮ ∴ ক = ৮/৩.২ = ২.৫ মিটার

**Question 95:** ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস **(Civil Service Day)** হিসেবে পালিত হয়**?**

A. ১০ মে
B. ২ অক্টোবর
C. ২৬ জানুয়ারি
D. ২১ এপ্রিল

**Answer:** ২১ এপ্রিল

**Explanation:** The Government of India celebrates April 21 every year as 'Civil Services day' as an occasion for the civil servants to rededicate themselves to the cause of citizen and renew their commitments to public service and excellence in work. Source: Indian Government Website

**Question 96:** এক বর্গক্ষেত্রের এক বাহু অপর একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে বর্গক্ষেত্র দুটির কর্ণের অনুপাত কত হবে**?**

A. 1:2
B. 5:2
C. 2:1
D. 4:1

**Answer:** 4:1

**Explanation:** ধরি, একটি বর্গক্ষেত্রের এক বাহু = a; এর কর্ণ √2a শর্তানুসারে, অপর বর্গক্ষেত্রের এক বাহু = a/4; এর কর্ণ √2(a/4) এদের অনুপাত, √2a : √2(a/4) ∴ 4 : 1 [উভয়পক্ষকে 4√2a দ্বারা গুণ করে]

Medha

**Question 97:** আপনার মোবাইল ফোনের মাসিক বিল এসেছে ৪২০ টাকা। যদি ১ বছর পর ১০**%** বৃদ্ধি পায় এবং আরো ৬ মাস পর ২০**%** বৃদ্ধি পায়**,** তাহলে ১৮ মাস পর আপনার বিল কত হবে**?**

A. ৪৬০.২০ টাকা
B. ৭৩০.৮০ টাকা
C. ৬২০.৬০ টাকা
D. ৫৫৪.৪০ টাকা

**Answer:** ৫৫৪.৪০ টাকা

**Explanation:** দেওয়া আছে, মাসিক বিল ৪২০ টাকা ১ বছর পর ১০% বৃদ্ধিতে বিল = ৪২০ + ৪২০ এর ১০/১০০ = ৪৬২ টাকা আরো ৬ মাস পর, ২০% বৃদ্ধিতে বিল = ৪৬২ + ৪৬২ এর ২০/১০০ = ৫৫৪.৪ টাকা

**Question 98: P(A) = 1/3; P(B) = 2/3; A ও B** স্বাধীন হলে **P(B/A) =** কত**?**

A. Tue Mar 04 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Sat Jan 04 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. Fri Jan 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. Mon Feb 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer:** Mon Feb 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation:** A ও B স্বাধীন ঘটনা, P(A∩B) = P(A).P(B) = 1/3.2/3 = 2/9 ∴ P(B/A) = P(A∩B)/P(A) = 2/9 / 1/3 = 2/3

**Question 99: x2 - 3x - 10 > 0** অসমতাটির সমাধান কোনটি**?**

A. (-∞, -1) U (4, +∞)
B. (-5, -∞) U (∞, 2)
C. (∞, 2) U (5, +∞)
D. (-∞, -2) U (5, +∞)

**Answer:** (-∞, -2) U (5, +∞)

**Explanation:** x2 - 3x - 10 > 0 (x - 5)(x + 2) > 0 দুইটি রাশির গুনফল তখনই ধনাত্মক বা শূন্য অপেক্ষা বড় হবে যদি উভয়ই ধনাত্মক বা ঋণাত্মক হয়। ∴ নির্ণেয় সমাধান = (-∞, -2) ∪ (5, +∞)

**Question 100:** অংশগুলি জোড়া দিলে কোন চিত্র হবে**? -> 27.PNG**

A. 28.PNG
B. 30.PNG

Media

C. 31.PNG
D. 29.PNG

**Answer:** 29.PNG

**Explanation:** BCS_14.PNG

Medha